

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৯/০১/২০১৯ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানান যাচ্ছে যে, শুদ্ধস্বরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে রাঙ্গামাটি সরকারি কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে কলেজ পর্যায়ে দলগতভাবে আন্তঃশ্রেণি শুদ্ধস্বরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আগামী ২০/০১/২০১৯ খ্রি. তারিখ, রবিবার সকাল ১০:০০ টায় কলেজের শিক্ষক মিলনায়তনে অনুষ্ঠিত হবে। কলেজ পর্যায়ে প্রতিযোগিতায় বিজয়ী দল ইউনিয়ন পর্যায়ে আন্তঃকলেজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। এই প্রতিযোগিতায় সুষ্ঠু, সুচারু ও সফলভাবে অংশ নিতে শিক্ষার্থীদেরকে বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি'-এর প্রথম দশ চরণ সঠিক সুর, স্বর, উচ্চারণ ও কথা অনুশীলন পূর্বক যথাযথ প্রস্তুতি গ্রহণ এবং প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে আগামী ১৭/০১/২০১৯ খ্রি. তারিখ, বৃহস্পতিবার বেলা ১:০০ টার মধ্যে নিম্নে বর্ণিত শিক্ষকবৃন্দের কাছে শ্রেণি, রোল নম্বর, বিভাগ, শিক্ষাবর্ষ ও মোবাইল নম্বর উল্লেখপূর্বক নাম জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

### শিক্ষকবৃন্দের নাম:

- ১। জনাব অনিবার্ণ বড়ুয়া: সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ
- ২। জনাব মো. মহিউদ্দিন: সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
আহ্বায়ক

শুদ্ধস্বরে জাতীয় সংগীত পরিবেশন  
প্রতিযোগিতা-২০১৯ কমিটি  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা